

একই নম্বর ও স্মারকের স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(নাসিং শাখা)

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৫৮.০১১.০০.০২৩.২০১৬(অংশ)-৫১০

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৩
১১ ডিসেম্বর ২০১৬

বিষয়: নব নিয়োগপ্রাপ্ত ১৪৭৮ জন সিনিয়র স্টাফ নার্সদের আগামী ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখ পূর্বাহ্নে যোগদান উপলক্ষে অনুষ্ঠান আয়োজন, ভিডিও কনফারেন্সিং ও যোগদানপত্র গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরী এবং ঢাকা জেলা ও উপজেলায় পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্সগণ আগামী ১৫-১২-২০১৬ তারিখ পূর্বাহ্নে কৃষিবিদ ইনসিটিউশন মিলনায়তন, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকায় সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল এর পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন এর মাধ্যমে মহাপরিচালক, নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর যোগদানপত্র দাখিল করবেন।

ঢাকা মহানগরী ও ঢাকা জেলা ব্যতিত অন্যান্য মহানগরী এবং জেলায় ও উপজেলায় পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্সগণ সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল এর পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন এর মাধ্যমে মহাপরিচালক, নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর যোগদানপত্র দাখিল করবেন।


উক্ত যোগদান উপলক্ষে ১৫ ডিসেম্বর ২০১৬ সকাল ১০:০০ ঘটিকায় কৃষিবিদ ইনসিটিউশন মিলনায়তন, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে জনাব মোহাম্মদ নাসিম, এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রধান অতিথি হিসাবে উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকিতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

জনাব জাহিদ মালেক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ড: মোহাম্মদ সাদিক, চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, ঢাকা, বিশেষ অতিথি হিসাবে উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত করবেন জনাব মো: সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

মাননীয় মন্ত্রী ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সারাদেশে নব নিয়োগকৃত সিনিয়র স্টাফ নার্সদের যোগদান তদারকি করবেন এবং সংশ্লিষ্ট অফিস প্রধানের সাথে কথা বলবেন।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: মুশ্রফ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯৫৪৫৭৭৯

বিতরণ (সদয় জাতার্থে/কার্যার্থে):

- ১। মহাপরিচালক, নাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/ অন্যান্য হাসপাতাল.....(সকল)।
- ৪। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল.....(সকল)।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।